

## বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্সের জন্য আবেদনের শর্তাবলীঃ

১। বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স গ্রহণে ইচ্ছুক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় দলিল(ড্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন/BIN , টি আই এন, মালিক বা ব্যবস্থাপনা পরিচালকের জাতীয় পরিচয়পত্রের নম্বর, লাইসেন্সপ্রাপ্ত বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেটের নম্বর, ট্রেজারী চালানের মূল কপি) ও টেস্টিং যন্ত্রপাতি থাকতে হবে।

২। নিম্নবর্ণিত তথ্যাবলী অনলাইন আবেদন এর সাথে সংযুক্ত করতে হবে :

(ক) চালানের মূল কপি

(খ) আবেদনকারীর স্বাক্ষর এবং ছবি সংযুক্ত করতে হবে।

৩। লাইসেন্স ফিস বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে চালানের মাধ্যমে ১-৫৬৩১-০০০০-১৮৫৪ কোডে জমা করতে হবে।

৪। যন্ত্রপাতি টেস্টিং ফিসের টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ,নগদ ,রকেট ) অথবা ডেভিড / ক্রেডিট কার্ড এর মাধ্যমে অনলাইনে প্রদান করতে হবে।

| বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স ফিসের হার |              |                        |
|---------------------------------------|--------------|------------------------|
| শ্রেণি                                | লাইসেন্স ফিস | যন্ত্রপাতি টেস্টিং ফিস |
| C                                     | টাকা-১২০০.০০ | টাকা-৪০০.০০            |
| BC                                    | টাকা:৩৬০০.০০ | টাকা-৮০০.০০            |
| ABC                                   | টাকা-৮৪০০.০০ | টাকা-১২০০.০০           |

৫। আবেদনকারী নিজে বৈধ বৈদ্যুতিক সুপারভাইজার সনদপ্রাপ্ত সুপারভাইজার না হলে প্রতিষ্ঠানের জন্য একজন সার্বক্ষণিক বৈধ বৈদ্যুতিক সুপারভাইজার সনদপ্রাপ্ত সুপারভাইজার নিয়োগ করতে হবে। আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট প্রয়োজনীয় টেস্টিং যন্ত্রপাতি ও সুরক্ষা সরঞ্জামাদি থাকতে হবে।

| শ্রেণী | টেস্টিং যন্ত্রপাতি এর বিবরণ   |
|--------|---|
| C      | ৫০০/১০০০ কোন্ট মেগার ইনসুলেশন টেস্টার (এক) টি, রাবার দস্তানা ২(দুই) জোড়া ও ইনসুলেটেড গ্রাযার ১ (এক) টি।  |
| BC     | আর্থ টেস্টার ১ (এক) টি, ১০০০ ভোল্ট মেগার ইনসুলেশন টেস্টার ১ (এক) টি ক্লিপ-অন-ম্পিয়ার মিটার ১ (এক) টি, সেফটি বেল্ট ২ (দুই) সেট, রাবার দস্তানা ২ (দুই) জোড়া, ড-ইন ভাইস ২ (দুই) টি ও ইনসুলেটেড প্লাযার ২ (দুই) টি।   |
| ABC    | আর্থ টেস্টার ১ (এক) টি, ১০০০ ভোল্ট মেগার ইনসুলেশন টেস্টার ১ (এক) টি, ক্লিপ-অন-এম্পিয়ার মিটার ১ (এক) টি, সেফটি বেল্ট ২ (দুই) সেট, রাবার দস্তানা ২ (দুই) জোড়া, ড-ইন ভাইস ২ (দুই) টি ও ইনসুলেটেড প্লাযার ২ (দুই) টি। |

৭। বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারী অথবা তার প্রতিনিধি প্রয়োজনীয় দলিল ও টেস্টিং যন্ত্রপাতিসহ বোর্ডের সম্মুখে হাজির থাকতে হবে।

৮। অসমাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নহে।

৯। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন ফরমে মিথ্যা তথ্য প্রদান করেন তবে তার আবেদন বাতিল করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন পত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।